গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৩১৪৪ তারিখঃ ১৮-জুন ২০১৭

বিষয় ঃ ১৫০ তম কমিশন সভার কার্যবিবরণী

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫০ তম কমিশন সভা ১৪ জুন, ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫০/১ | আলোচ্য বিষয়: ১৪৯তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>সিদ্ধান্ত : ১৪৯তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫০/২ | আলোচ্য বিষয়: ১৪৯তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>সিদ্ধান্ত: ১৪৯তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৫০/৩ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ১২ (বার) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>সিদ্ধান্ত: দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১২ (বার) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৪৪৯৬.৮ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. ইপিলিয়ন লিমিটেড [কুতুবপুর, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ-১৪৪০] এর অনুকূলে ১০০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>২. ফেম সোয়েটারস লিমিটেড [চৈতী কমপ্লেক্স, ১২৪ দাঁড়াইল, সাতাইশ, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা;<br><br>৩. কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিমিটেড [৭২, সিরাজউদ্দৌলা রোড, খানপুর, নারায়ণগঞ্জ-১৪০০] এর অনুকূলে ৯০৮.৮ কি:ও: [৪০০.৮ + ৫০৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৪. বঙ্গ গার্মেন্টস লিমিটেড [২৯, মিল্ক ভিটা রোড, সেকশন: ৭, পল্লবী, ঢাকা-১২১৬] এর অনুকূলে ২৬৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৫. অ্যাপারেল এক্সপোর্ট লিমিটেড [২/সি, দারুসসালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে ৪৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৬. ডিজাইন গ্যালারী (প্রা.) লিমিটেড [প্লট নং: ৩২২/বি, হেলাল মার্কেট, মেডিকেল রোড, উত্তরখান, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৭. জে. এস. ডিজাইন লিমিটেড [১৫৪৩, বাদশা মিয়া স্কুল রোড, দক্ষিণ কালিয়াকৈর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাজার, গাজীপুর-১৭০৪] এর অনুকূলে ৮৮ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৮. ডিকে. সোয়েটার লিমিটেড [দক্ষিণ সালনা, মিয়া পাড়া, সালনা বাজার, গাজীপুর] এর অনুকূলে ১৬৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৯. এজেডএম স্টাইল ওয়্যার লিমিটেড [ব্লক: এ, হোল্ডিং নং: ৫৪/১, দক্ষিণ পানিশাইল, জিরানি বাজার, কাশিমপুর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর] এর অনুকূলে ১৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>১০. জারমস ইন্ডাস্ট্রিজ লিমিটেড [১৩/২, আব্দুস সাত্তার মাস্টার রোড, পশ্চিম গাজীপুরা, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>১১. এমজি. নীচ স্কেয়ার লিমিটেড (ইউনিট-২) [এইচ-২৪০, ভূইয়াপাড়া, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ-১৪৬০] এর অনুকূলে ৩৫২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>১২. ইউনিগ্লোরী হুইলস লিমিটেড [ভাংনাহাটি, কেওয়া, শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে ৫৪০ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা। | |
| ১৫০/৪ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৯.৩৭৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়ঃ<br><br>১. নেক্সট এক্সেসরিজ লিমিটেড, সাওঘাট, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ সাওঘাট, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.১২ মেগাওয়াট [ ৫৬০ কি.ও. (ডিজেল) x ২] ।<br><br>২. ইন্টারন্যাশনাল ট্রেডিং সার্ভিসেস লিমিটেড, ৬৯, মহাখালী বা/এ, ঢাকা-১২১২;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ সিভিল ইঞ্জিনিয়ার্স সিটি, জারুন, কোনাবাড়ি, গাজপুর সদর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৮.২৫৪ মেগাওয়াট [১০৩০ কি.ও. (গ্যাস) x ২ + ৭২০ কি.ও. (গ্যাস) + ৯৫২ কি.ও. (গ্যাস) + ৮০০ কি.ও. (ডিজেল) x ২ + ৫২৮ কি.ও. (ডিজেল) x২ + ৪৭৩ কি.ও. (ডিজেল) x ২ + ৪৮০ কি.ও. (ডিজেল) + ৪৪০ কি.ও. (ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৫০/৫ | আলোচ্য বিষয়: রেন্টাল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির দেশ এনার্জি লিমিটেড এর অনুকূলে জারীকৃত ডিজেল ভিত্তিক ১০৪ মে.ও. বিদ্যুৎ উৎপাদন সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি সম্পর্কে।<br><br>আলোচনাঃ সভায় জানানো হয় যে, দেশ এনার্জি লিমিটেড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ এর অনুকূলে বিগত ০৪ অক্টোবর, ২০১০ তারিখে ডিজেল ভিত্তিক ১০৪ মে:ও: রেন্টাল পাওয়ার প্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন সাময়িক লাইসেন্স ইস্যু করা হয়। উক্ত লাইসেন্সের মেয়াদ ০৩ অক্টোবর, ২০১১ তারিখে উত্তীর্ণ হয়েছে। প্রতিষ্ঠানটি নির্ধারিত পরিশোধযোগ্য লাইসেন্স নবায়ন ফিস ও জরিমানা বাবদ মোট ২৭,০৮,০০০/-(সাতাশ লক্ষ আট হাজার) টাকা পরিশোধ করেছে এবং বার্ষিক বিদ্যুৎ উৎপাদন প্রতিবেদন, আয়কর সনদ, ভ্যাট সনদ এবং পাওয়ার প্লান্টের পরিবেশগত ছাড়পত্রের কপি কমিশনে দাখিল করেছে। নির্ধারিত ফিস ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করায় প্রতিষ্ঠানটির অনুকূলে লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** লাইসেন্স নবায়ন ফিস ও জরিমানাসহ প্রয়োজনীয় ভ্যাট পরিশোধ করায় ও বার্ষিক বিদ্যুৎ উৎপাদন প্রতিবেদন, আয়কর সনদ, ভ্যাট সনদ এবং পাওয়ার প্লান্টের পরিবেশগত ছাড়পত্রসহ প্রয়াজনীয় কাগজ পত্রাদি কমিশনে দাখিল করায় দেশ এনার্জি লিমিটেড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ এর অনুকূলে রেন্টাল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির ডিজেল ভিত্তিক ১০৪ মে:ও: বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম/১৫০/৬ | আলোচ্য বিষয়: 'মিরপুর সিরামিক ওয়ার্কস লি: (সিএনজি ইউনিট)'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য তালিকাভুক্তি লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস সংক্রান্তে অঙ্গীকারনামা দাখিল করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে 'মিরপুর সিরামিক ওয়ার্কস লি: (সিএনজি ইউনিট) এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য তালিকাভুক্তি লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫০/৭ | আলোচ্য বিষয়: 'সাউথ সুরমা ফিলিং স্টেশন' এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য অঙ্গীকারনামা প্রদান সাপেক্ষে রীতিসম্মত লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: অঙ্গীকারনামা ও লাইসেন্স ফিস দাখিল করায় বাই-সার্কুলেশনে লাইসেন্স প্রদানের বিষয়টি অনুমোদিত হওয়ায় 'সাউথ সুরমা ফিলিং স্টেশন' (বাইপাস রোড, দাউদপুর, দক্ষিণ সুরমা, সিলেট)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫০/৮ | আলোচ্য বিষয়: 'উত্তরা ফিলিং এন্ড সিএনজি স্টেশন' এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য অঙ্গীকারনামা প্রদান সাপেক্ষে রীতিসম্মত লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: অঙ্গীকারনামা ও লাইসেন্স ফিস দাখিল করায় বাই-সার্কুলেশনে লাইসেন্স প্রদানের বিষয়টি অনুমোদিত হওয়ায় 'উত্তরা ফিলিং এন্ড সিএনজি স্টেশন' (আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫০/৯ | আলোচ্য বিষয়ঃ 'আল্লাহ ভরসা সিএনজি রিফুয়েলিং স্টেশন' এর অনুকূলে প্রদত্ত রীতিসম্মত লাইসেন্সটি সংশোধনপূর্বক নবায়ন সম্পর্কে।<br><br>সিদ্ধান্তঃ লাইসেন্স ফিস দাখিল করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে 'আল্লাহ ভরসা সিএনজি রিফুয়েলিং স্টেশন' (বরপা, তারাবো, রূপগঞ্জ, নারায়নগঞ্জ)--এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্সের ক্যাপাসিটি ৪,০০০ ওয়াটার লিটার হতে ৭,৮৪০ ওয়াটার লিটার সংশোধনপূর্বক নবায়নের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (গ্যাস) |
| সিএম/১৫০/১০ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত নিম্নবর্ণিত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়ঃ<br>১) বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ, হাউজ নং-১৯, রোড নং-৭, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: আউশপাড়া, টঙ্গী, গাজীপুর<br>বার্ষিক চাহিদা: হোয়াইট সফট প্যারাফিনঃ ৬,১২৫ কেজি, লাইট লিকুইড প্যারাফিনঃ ৪,৫৫০ কেজি<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা।<br>মেয়াদ: ০৪/০২/২০১৭ হতে ০৩/০৮/২০১৭ পর্যন্ত। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৫০/১১ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ/পরিবহনের জন্য ১ (এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে সামিট অয়েল এন্ড শিপিং কোঃ লিঃ এর অনুকূলে ০১/০৪/২০১৭ হতে ৩১/১২/২০১৭ মেয়াদে ইস্যুকৃত (ফার্নেস অয়েল) পরিবহন ও বিতরণ লাইসেন্স ৮৫,০০০ মে. টন ফার্নেস অয়েল সংযোজন করে সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| সিএম/১৫০/১২ | আলোচ্য বিষয়:বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (চেয়ারম্যান ও সদস্য) পদমর্যাদা, বেতন, ভাতা, চাকুরীর অন্যান্য শর্তাদি বিধিমালা, ২০১৭ (খসড়া) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ এবং ইতোপূর্বে প্রেরিত খসড়া বিধিমালাটি প্রত্যাহার সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: সভায় উপস্থাপিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর চেয়ারম্যান ও সদস্যগণের বেতন, ভাতা, পদমর্যাদা, জ্যেষ্ঠতা ও চাকুরীর অন্যান্য শর্তাদি বিধিমালা, ২০১৭ (খসড়া) (পরিশিষ্ট খ) অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ এবং ইত:পূর্বে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিত প্রস্তাবিত বিধিমালাটি প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| সিএম/১৫০/১৩ | আলোচ্য বিষয়: নিউজিল্যান্ডভিত্তিক আন্তর্জাতিক প্রশিক্ষণ আয়োজক সংস্থা Taining and Technology Transfer (TTT) কর্তৃক জাকার্তা, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত Overview of Energy Regulation শীর্ষক প্রশিক্ষণে দুই ব্যাচে মোট ১২ (বার) জনের অংশগ্রহণ সংক্রান্ত ব্যয় মঞ্জুরীর (প্রশিক্ষণ ফি ও ভ্রমনব্যয়) ভূতাপক্ষে অনুমোদন সম্পর্কে।<br><br>আলোচনাঃ সভায় জানানো হয় যে, নিউজিল্যান্ডভিত্তিক আন্তর্জাতিক প্রশিক্ষণ আয়োজক সংস্থা Taining and Technology Transfer (TTT) কর্তৃক জাকার্তা, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত Overview of Energy Regulation শীর্ষক প্রশিক্ষণে ৫-৯ জুন ২০১৭ (প্রথম ব্যাচ) ও ১২-১৬ জুন ২০১৭ (দ্বিতীয় ব্যাচ) মেয়াদে "Overview of Energy Regulation" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে দুটি ব্যাচে প্রতি ব্যাচে ৬জন হিসেবে দুই ব্যাচে ১২জন কর্মকর্তা/কর্মচারীর (জ্বালানি ও খনিজ সনম্পদ বিভাগের একজন কর্মকর্তাসহ) অংশগ্রহনের জন্য অনুমোদন প্রদান করা হয় এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিইআরসি হতে সরকারি আদেশ জারি করা হয়।<br><br>সরকারি আদেশ (জিও) অনুযায়ী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যাবতীয় ব্যয়ভার কমিশন হতে নির্বাহ করা হবে। আয়োজক প্রতিষ্ঠান Training and Technology Transfer (TTT) হতে প্রাপ্য প্রশিক্ষণ কোর্সের বিল অনুযায়ী প্রতিজনের ফি ১,৭৪,৯৬০ .০০ টাকা বা ২১৮৭ মার্কিন ডলার হিসেবে প্রতি ব্যাচে (১,৭৪,৯৬০.০০ × ৬)= ১০,৪৯,৭৬০.০০ টাকা হিসেবে দুই ব্যাচে ১২ জন প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণ ফি ২০,৯৯,৫২০.০০ (বিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত বিশ) টাকা এবং বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী ১২ জন কর্মকর্তা-কর্মচারীদের অনুকূলে বিমান ভাড়া ও প্রাধিকার অনুযায়ী সকল ভাতা বাবদ প্রাপ্য সর্বমোট ১৮,০১,২০৮.০০ (আঠার লক্ষ এক হাজার দুইশত আট) টাকা।<br><br>চলতি ২০১৬-১৭ অর্থবছরের কমিশনের অনুমোদিত বাজেটে প্রশিক্ষণ ফি খাতে ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা এবং ভ্রমণ ব্যয় খাতে ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। বিবেচ্য ব্যয় নির্বাহের জন্য খাতদ্বয়ে বর্তমানে পর্যাপ্ত অর্থের স্থিতি রয়েছে।ইতোমধ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আয়োজক সংস্থার অনুকূলে প্রশিক্ষণ ফি প্রদান করা হয়েছে এবং কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্যতা অনুযায়ী বিমান ভাড়া ও ভাতাদিসহ অগ্রিম হিসেবে প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ শেষে তাদের দাখিলকৃত বিল অনুযায়ী তা অগ্রিম সমন্বয় করা হবে।<br><br>সভায় দুই ব্যাচে মোট ১২ (বার) জনের অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ ফি বাবদ ২০,৯৯,৫২০.০০ (বিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত বিশ) টাকা এবং বিমান ভাড়া ও প্রাধিকার অনুযায়ী সর্বসাকুল্য ভাতা ও অন্যান্য সকল ভাতা বাবদ সর্বমোট ১৮,০১,২০৮.০০ (আঠার লক্ষ এক হাজার দুইশত আট) টাকা ব্যয় মঞ্জুরীর ভূতাপক্ষে অনুমোদন প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: জাকার্তা, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত Overview of Energy Regulation শীর্ষক প্রশিক্ষণে দুই ব্যাচে মোট ১২ (বার) জনের অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ ফি বাবদ ২৬,২৪৪/- মার্কিন ডলার বা ২০,৯৯,৫২০/- (বিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত বিশ) টাকা এবং বিমান ভাড়া ও প্রাধিকার অনুযায়ী সর্বসাকুল্য ভাতা ও অন্যান্য ভাতা বাবদ সর্বমোট ১৮,০১,২০৮/- (আঠার লক্ষ এক হাজার দুইশত আট) টাকা ব্যয় মঞ্জুরীর ভূতাপক্ষে অনুমোদন প্রদান করা হয়। | সচিব |
| সিএম/১৫০/১৪ | আলোচ্য বিষয়ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সংশোধিত সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণ সম্পর্কে।<br><br>সিদ্ধান্তঃ কমিশনের বিভিন্ন অনুবিভাগ ভিত্তিক জনবলের চাহিদামালা অনুযায়ী প্রস্তুতকৃত মোট ২৮১ জনবলের সংশোধিত সাংগঠনিক কাঠামো চূড়ান্ত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ এবং ইত:পূর্বে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিত প্রস্তাবিত সংশোধিত সাংগঠনিক কাঠামোটি প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |

<table>
<tr>
<td>সিএম/১৫০/১৫</td>
<td>আলোচ্য বিষয়: কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে (শের-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা) নির্মিতব্য ভবনের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত নকশা পর্যালোচনাকরণ সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অনুকূলে সরকার কর্তৃক বরাদ্দকৃত শের-ই-বাংলা নগর, আগারগাঁও প্রশাসনিক এলাকায় প্লট নং এফ-৪/সি জমিতে নির্মিতব্য বিইআরসি অফিস ভবনের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত নকশাটি কমিশনের নিকট বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য স্থাপত্য অধিদপ্তরের সাথে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>সচিব</td>
</tr>
<tr>
<td>সিএম/১৫০/১৬</td>
<td>আলোচ্য বিষয়: কমিশনের ৩(তিন)টি গাড়ীর মেরামত কাজের অনুমোদন ও ১(এক)টি গাড়ীর বিল পরিশোধের ভূতাপক্ষে অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর অম/অবি(ব্যনি:-১)ডিপি-১/২০০০/১৪০ তারিখ ০২/৬/২০০৮ মূলে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুন:অর্পণ সম্পর্কিত আদেশ অনুযায়ী এক অর্থবছরে একটি গাড়ীর মেরামত বাবদ অনুর্ধ ৭৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনকারী বিভাগীয়/দপ্তর প্রধান। চলতি ২০১৬-১৭ অর্থবছরে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের আলোচ্য ৪ (চার) টি গাড়ীর প্রতিটির মেরামত বাবদ ব্যয় ৭৫,০০০/- টাকা অতিক্রম করেছে। জরুরী দাপ্তরিক প্রয়োজনে সচল রাখার জন্য তিনটি গাড়ীর আরো কিছু মেরামত কাজ করা প্রয়োজন এবং একটি গাড়ীর মেরামত কাজের বিল পরিশোধ করা প্রয়োজন। বর্ণিত গাড়ীগুলোর মেরামত ব্যয় সীমা ৭৫,০০০/- টাকা অতিক্রম করায় বর্তমান মেরামত কাজের/বিল পরিশোধের অনুমোদনের জন্য কমিশন সভায় অনুমোদনের প্রয়োজন।<br><br>সভায় একটি গাড়ীর অপরিশোধিত বিল পরিশোধ এবং তিনটি গাড়ীর অনিষ্পন্ন কাজসমূহ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বিল পরিশোধের অনুমোদনের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: (ক)কমিশনের দাপ্তরিক প্রয়োজনে সচল রাখার জন্য নিম্নবর্ণিত ১(এক) টি গাড়ীর অপরিশোধিত বিল পরিশোধ এবং ৩(তিন) টি গাড়ীর অনিষ্পন্ন কাজসমূহ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বিল পরিশোধের অনুমোদন প্রদান করা হয়:
<table>
<tr><th>ক্রমিক</th><th>গাড়ী নং ও ধরণ</th><th>প্রাক্কলিত ব্যয়/পরিশোধিত বিলের পরিমান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ঢাকা মেট্রো-খ-১২-৬৬০২ (কার)</td><td>২৪,৩০০/-</td><td>কাজ সম্পন্নের অপেক্ষায়</td></tr>
<tr><td>২</td><td>ঢাকা মেট্রো-খ-১২-৩১৩৫ (কার)</td><td>২৪,৯০০/-</td><td>কাজ সম্পন্নের অপেক্ষায়</td></tr>
<tr><td>৩</td><td>ঢাকা মেট্রো-চ-৫৩-২২৬২ (মাইক্রোবাস)</td><td>২১,০৫০/-</td><td>কাজ সম্পন্নের অপেক্ষায়</td></tr>
<tr><td>৪</td><td>ঢাকা মেট্রো-খ-১২-৭১৬০ (কার)</td><td>৫৩,৯০০/-</td><td>বিল পরিশোধের অপেক্ষায়</td></tr>
</table>
(খ) কমিশনের গাড়ীসমূহ সার্ভিসিং/মেরামতের জন্য গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠানের একটি তালিকা প্রণয়ন করতে হবে।</td>
<td>সচিব</td>
</tr>
<tr>
<td>সিএম/১৫০/ বিবিধ-১</td>
<td>আলোচ্য বিষয়ঃ NRBC ব্যাংকের হেমায়েতপুর শাখায় ৫.০০(পাঁচ) কোটি টাকার স্থায়ী আমানতের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কিত।<br><br>সিদ্ধান্ত: NRBC ব্যাংকের সাভার, হেমায়েতপুর শাখায় ৬ মাস মেয়াদী ৫,০০,০০,০০০/-(পাঁচ কোটি) টাকার স্থায়ী আমানতের (নং ০১০৭-৭০৬০০০০০০২০) সুদসহ সমুদয় অর্থ সোনালী ব্যাংক কারওয়ান বাজার শাখাস্থ কমিশনের এসএনডি একাউন্ট (নং-০১১৭-২০-৩০০০২১৬) এ অবিলম্বে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহিত হয়। ~~পরবর্তীতে তা সরকারি কোনো ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে রাখার উদ্যোগ নিতে হবে।~~</td>
<td>পরিচালক (অর্থ ও হিসাব)</td>
</tr>
<tr>
<td>সিএম/১৫০/ বিবিধ-২</td>
<td>সিদ্ধান্ত: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সংশ্লিষ্ট সদস্যের অনুমোদন সাপেক্ষে যে কোন বিষয় কমিশন সভার আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করা যাবে।</td>
<td>সচিব</td>
</tr>
<tr>
<td>সিএম/১৫০/ বিবিধ-৩</td>
<td>সিদ্ধান্ত: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও লাইসেন্স প্রবিধানমালার আলোকে উন্মুক্ত সভা আয়োজনের আইনগতভিত্তি/যৌক্তিকতা সম্পর্কিত একটি পূর্ণাঙ্গ বিবরণী কমিশনের নিকট উপস্থাপন করতে হবে।</td>
<td>সচিব</td>
</tr>
</table>

৩। সভায় অন্যকোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান